তারিখ 13 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

কালের কণ্ঠ

# এবার ছাত্রলীগ নেতাকে ক্রসফায়ারের হুমকি

## প্রতিবাদে অবরোধ, বিক্ষোভ

**নিজস্ব প্রতিবেদক**, সাভার (ঢাকা) ▷

রাজধানীর মোহাম্মদপুর এলাকায় গত শনিবার রাতে বাংলাদেশ ব্যাংকের এক কর্মকর্তাকে ক্রসফায়ারের ভয় দেখানোর পর এবার ঢাকা জেলা উত্তর ডিবি পুলিশের এক কর্মকর্তা সাভার উপজেলা ছাত্রলীগের সভাপতিকে একইভাবে হত্যার হুমকি দিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনার প্রতিবাদে এবং ওই পুলিশ কর্মকর্তাকে প্রত্যাহারের দাবিতে গতকাল মঙ্গলবার দুপুরে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে সাভার উপজেলা ও সাভার বিশ্ববিদ্যালয় কলেজ শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা।

সাভার বিশ্ববিদ্যালয় কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক তাজউদ্দিন আহমেদ তাজুল জানান, সোমবার বিকেলে পৌর এলাকার গেণ্ডায় একটি ইটভাটার মালিক আসলামুল হককে গ্রেপ্তারের হুমকি দিয়ে ঢাকা জেলা উত্তর ডিবি পুলিশের উপপরিদর্শক জিল্লুর রহমান টাকা দাবি করেন। টাকা না দেওয়ায় ইটভাটার তিন কর্মচারীকে তিনি ডিবি পুলিশের গাড়িতে তুলে সাভার কার্যালয়ে নিয়ে আসেন। প্রায় এক ঘণ্টা পর আব্দুর রাজ্জাক নামের একজন কর্মচারীকে ছেড়ে দেওয়া হয়। কিন্তু আনু মিয়া ও হযরত আলী নামের অন্য দুজনকে আটকে রাখা হয়। ইটভাটার মালিক আসলামুল হক বিষয়টি তাঁর ঘনিষ্ঠ সাভার উপজেলা ছাত্রলীগের সভাপতি আতিকুর রহমানকে জানান। আতিকুর রহমান ডিবি পুলিশের কর্মকর্তা জিল্লুর রহমানের কাছে ঘটনা সম্পর্কে জানতে চাইলে তিনি ক্ষিপ্ত হয়ে ওঠেন। সাভার উপজেলা ছাত্রলীগের সভাপতি আতিকুর রহমান বলেন, এসআই জিল্লুর রহমানকে তিনি তাঁর পরিচয় দেন। পরিচয় শুনে ওই পুলিশ কর্মকর্তা আরো ক্ষিপ্ত হয়ে গালাগাল করতে থাকেন। একপর্যায়ে তিনি ক্রসফায়ারে হত্যার হুমকি দেন। এ ঘটনায় গতকাল দুপুর ১২টায় সাভার বিশ্ববিদ্যালয় কলেজ থেকে বিক্ষোভ মিছিল বের করে সাভার উপজেলা ও সাভার বিশ্ববিদ্যালয় কলেজ শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। এ ব্যাপারে ঢাকা জেলা উত্তর ডিবি পুলিশের এসআই জিল্লুর রহমান বলেন, ক্রসফায়ারের কোনো হুমকি কাউকে দেওয়া হয়নি।